Vol. 149 Issue 181

Chattagram Maa-O-Shishu Hospital

# Bulletin

For Internal Circulation Only

October -December 2016

## স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব মোহাম্মদ সিরাজুল ইসলাম-এর চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল পরিদর্শন




*চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল নার্সিং ইনষ্টিটিউট ও শামসুন্নাহার খান নার্সিং কলেজের নবনির্মিত ও সম্প্রসারিত ভবনের আনুষ্ঠানিক উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব মোঃ সিরাজুল ইসলাম।*

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব মোঃ সিরাজুল ইসলাম গত ২৬/১২/২০১৬ ইং তারিখ চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল পরিদর্শন করেন। তিনি চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল নার্সিং ইনষ্টিটিউট ও শামসুন্নাহার খান নার্সিং কলেজের নবনির্মিত ও সম্প্রসারিত ভবনের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এই উপলক্ষে হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন এর সভাপতিত্বে আয়োজিত এক সভায় প্রধান অতিথির বক্তব্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব মোঃ সিরাজুল ইসলাম বলেন, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল একটি ব্যতিক্রমধর্মী প্রতিষ্ঠান। সরকারের পাশাপাশি বেসরকারী পর্যায়ে এই হাসপাতাল জনসাধারণের স্বাস্থ্য সেবা প্রদানে গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। তিনি চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের চিকিৎসা সেবা কার্যক্রম দেখে খুবই সন্তোষ প্রকাশ করেন। বিশেষ করে ৮৫০ শয্যা বিশিষ্ট (১৩ তলা) নির্মাণাধীন নতুন হাসপাতাল ভবনের নির্মাণ কাজের অগ্রগতিতে তিনি খুবই সন্তোষ প্রকাশ করেন। তিনি বলেন, বেসরকারী পর্যায়ে এই হাসপাতাল বাংলাদেশে একটি মডেল হিসেবে কাজ করবে। এই হাসপাতালের উন্নয়নে যারা নিবেদিত ভাবে কাজ করছেন তিনি তাদের প্রতি কৃতজ্ঞতা জানান। তিনি বলেন, এটি একটি সামাজিক আন্দোলন। জনগণের সম্পৃক্ততায় এই বিশাল প্রতিষ্ঠানটি গড়ে উঠেছে। তিনি আরো বলেন, চিকিৎসা সেবায় ডাক্তারদের পাশাপাশি নার্সদের ভূমিকাও অত্যন্ত গুরুত্বপূর্ণ। বর্তমান সরকার নার্সিং পেশাকে অত্যন্ত সম্মান প্রদান করছেন এবং তাদেরকে ২য় শ্রেণীর কর্মকর্তার মর্যাদা প্রদান করেছেন। কারণ, সরকার মনে করেন নার্সিং সেবার উন্নয়ন ছাড়া চিকিৎসা সেবার উন্নয়ন সম্ভব নয়। তিনি চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের জন্য সরকারের পক্ষ থেকে তথা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পক্ষ থেকে সম্ভব সকল সহযোগিতার আশ্বাস প্রদান করেন। সভাতে আরো বক্তব্য রাখেন হাসপাতালের কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম, ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন, ডাঃ এম মাহফুজুর রহমান, বিভাগীয় স্বাস্থ্য পরিচালক ডাঃ আলাউদ্দিন মজুমদার, বিভাগীয় পরিচালক (পরিবার পরিকল্পনা) জনাব নুরুল আলম, সিভিল সার্জন চট্টগ্রাম ডাঃ আজিজুর রহমান সিদ্দিকী, কার্যনির্বাহী কমিটির ট্রেজারার ডাঃ মোঃ আরিফুল আমীন, চমাশিহা মেডিকেল কলেজ গভর্নিং বডির ভাইস চেয়ারম্যান জনাব মোঃ রেজাউল করিম আজাদ, চমাশিহা মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ প্রমুখ। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন হাসপাতালের কার্যানির্বাহী কমিটির সদস্য অধ্যক্ষ লায়ন মোঃ সানাউল্লাহ, জনাব মোঃ জাহিদুল হাসান, জনাব মোঃ হারুন ইউসুফ, জনাব খায়েজ আহমেদ ভূঁইয়া, পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরন্নল হক, ভাইস প্রিন্সিপাল প্রফেসর ডাঃ অসীম কুমার বড়ুয়া, নার্সিং প্রিন্সিপাল মিসেস ঝিনু রানী দাশ প্রমুখ। অনুষ্ঠানে হাসপাতাল, মেডিকেল কলেজ ও নার্সিং ইনষ্টিটিউটের শিক্ষক/শিক্ষিকা, ডাক্তার, নার্স, কর্মকর্তা ও ছাত্র/ছাত্রীগণ অংশ গ্রহণ করেন।

# President's Corner

## FROM THE DESK OF THE PRESIDENT

**"Dream is not that which you see while sleeping. It is something that does not let you sleep." APJ Abdul Kalam.**

We have been dreaming of an ideal organization for providing Medical Education and Health Services through research and innovation.

We sowed the seed in 1979 which has now grown into trees. One of the trees is the Chattagram Maa-O-Shishu Hospital (CMOSH) Medical College. Starting in 2005, the college is admitting students for the 11th batch currently.

This college has earned the name of one of the best private medical colleges in the country, Many graduates from the medical college have achieved FCPS, MS/MD and other post graduate degrees and diplomas and serving the nation as well as gone abroad for further study, research etc.

I feel proud of this medical college. I wish its overall development and further improvement.

Through this type of annual publication, both students and teachers can demonstrate their knowledge and express their genii in extra-curricular activities.

I congratulate the teachers and students of the college and all those who are involved in this publication.

**Prof. ASM Fazlul Karim**
President
Chattagram Maa-O-Shishu Hospital

## দৃষ্টি আকর্ষণ

- হাসপাতালের বহির্বিভাগ প্রতিদিন সকাল ৮টা থেকে রাত ৮টা পর্যন্ত খোলা থাকে।
- ব্লাড ব্যাংক সেবা ২৪ ঘন্টা চালু আছে।
- ল্যাবরেটরী সার্ভিস ২৪ ঘন্টা চালু আছে।
- ব্লাড ব্যাংকে সেল সেফারেটর মেশিনের সুবিধা রয়েছে।
- সুলভ মূল্যে আইসিইউ অ্যামবুলেন্স ও সাধারণ অ্যামবুলেন্স সার্ভিস এর সুবিধা রয়েছে।
- ১২৮ স্লাইস বিশিষ্ট নতুন সিটি স্ক্যান মেশিনে সিটি স্ক্যান করার সুবিধা করার সুবিধা রয়েছে।

# পিএইচপি গ্রুপ এর পক্ষ থেকে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালে ৫ কোটি টাকার অনুদান প্রদান

পিএইচপি গ্রুপের চেয়ারম্যান আলহাজ্ব সুফি মোহাম্মদ মিজানুর রহমান চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ৮৫০ শয্যা বিশিষ্ট নতুন হাসপাতাল ভবন নির্মান কাজের জন্য ৫ কোটি টাকা অনুদান প্রদানের প্রতিশ্রুতি প্রদান করেন। গত ২০/১০/২০১৬ ইং তারিখ আলহাজ্ব সুফি মোহাম্মদ মিজানুর রহমান হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম এর নিকট প্রতিশ্রুত ৫ কোটি টাকার মধ্যে প্রথম কিস্তি বাবদ ১ কোটি টাকার চেক হস্তান্তর করেন। এ উপলক্ষে হাসপাতালের কনফারেন্স রুমে আয়োজিত এক সভায় আলহাজ্ব সুফি মোহাম্মদ মিজানুর রহমান বলেন, পিএইচপি পরিবার সব সময় চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের সাথে আছে এবং ভবিষ্যতেও থাকবে। তিনি আরও বলেন, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল অবশ্যই তার অভিষ্ঠ লক্ষ্যে পৌঁছে যাবে এবং যথা সময়ে এই বিশাল নির্মাণ কাজ সম্পন্ন হবে। কারণ কোন ভালো কাজ কখনো থেমে থাকে না। তিনি হাসপাতাল কর্তৃপক্ষকে সুনির্দিষ্ট পরিকল্পনা অনুযায়ী এগিয়ে যাওয়ার আহবান জানান। পিএইচপি পরিবারের সহযোগিতা এই হাসপাতালের জন্য সব সময় থাকবে বলে তিনি আবারও প্রতিশ্রুতি প্রদান করেন। তিনি হাসপাতালের উন্নয়ন ও অগ্রযাত্রার জন্য বিশেষ ভাবে দোয়া ও মোনাজাত করেন। এ সময় হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন, কার্যনির্বাহী কমিটির সদস্য জনাব মোঃ জাহিদুল হাসান, জনাব খায়েজ আহমেদ ভুঁইয়া, হাসপাতালের পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক, ভাইস প্রিন্সিপাল ডাঃ অসীম কুমার বড়ুয়া, শিশু বিভাগের অধ্যাপক ও বিভাগীয় প্রধান প্রফেসর মাহমুদ আহমেদ চৌধুরী, ইনস্টিটিউট অব চাইল্ড হেলথ এর পরিচালক প্রফেসর ডাঃ ওয়াজির আহমেদ, ব্লাড ট্রান্সফিউশন বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ডাঃ আব্দুল আজিম, উপ-পরিচালক (ফিন্যান্স) জনাব মোঃ ইফতেখারুল আমিন, উপ-পরিচালক (নার্সিং) ডাঃ মোঃ লিয়াকত আলী ভুঁইয়া, উপ-পরিচালক (প্রশাসন) জনাব মোহাম্মদ মোশাররফ হোসাইন, উপ-পরিচালক (ফিন্যান্স) জনাব মোঃ মনজুরুল আলম চৌধুরী প্রমুখ। অনুষ্ঠানে হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এএসএম ফজলুল করিম পিএইচপি পরিবারের এই অসামান্য অবদান ও মহানুভবতার জন্য পিএইচপি পরিবার ও সুফি মোহাম্মদ মিজানুর রহমানকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। তিনি বলেন, জনাব সুফি মোহাম্মদ মিজানুর রহমান আমাদের সাথে থাকলেই এই হাসপাতালের সকল উন্নয়ন সম্ভব। তিনি আরও বলেন, পিএইচপি পরিবার ইতিপূর্বেও এই হাসপাতালের অনেক উন্নয়ন কর্মকান্ডের অংশীদার ছিলেন এবং ভবিষ্যতেও থাকবেন। তিনি আলহাজ্ব সুফি মোহাম্মদ মিজানুর রহমানের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন। পিএইচপি পরিবারের অনুদানে নতুন হাসপাতাল ভবনের যে ফ্লোর নির্মাণ করা হবে তা পিএইচপি পরিবারের নামে নামকরণ করা হবে। এখানে উল্লেখ্য যে, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল কর্তৃপক্ষ প্রায় ৫০০ কোটি টাকা ব্যয়ে ৮৫০ শয্যা বিশিষ্ট নতুন হাসপাতাল ভবনের নির্মাণ কাজ হাতে নিয়েছে। ইতিমধ্যে উক্ত নির্মাণ কাজের অবকাঠামো নির্মাণ কার্যক্রম দ্রুততার সাথে এগিয়ে চলেছে। এই কার্যক্রমে পিএইচপি গ্রুপের মত কর্পোরেট সংস্থাগুলোকে এগিয়ে আসার জন্য হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম উদাত্ত আহবান জানান।



*পিএইচপি গ্রুপের চেয়ারম্যান আলহাজ্ব সুফি মোহাম্মদ মিজানুর রহমান চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল এর নিকট ১ কোটি টাকার চেক হস্তান্তর করছেন।*

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালে নার্সিং ব্রিজ প্রোগ্রামে অংশগ্রহণকারী ছাত্রীদের সার্টিফিকেট প্রদান অনুষ্ঠান




*এ কে খান হেলথ কেয়ার ট্রাস্ট কর্তৃক আয়োজিত নার্সিং ব্রিজ প্রোগ্রামে অংশগ্রহণকারী নার্সদের সার্টিফিকেট প্রদান অনুষ্ঠানে বক্তব্য রাখছেন হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম।*

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালে ২০১৫ সালে অনুষ্ঠিত ১ বছর মেয়াদী এ কে খান হেলথ কেয়ার ট্রাস্টের সহযোগিতায় নার্সিং ব্রিজ প্রোগ্রামে অংশগ্রহণকারী ২৫ জন ছাত্রীকে গত ০৫/১০/২০১৬ ইং তারিখ সার্টিফিকেট প্রদান করা হয়। হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় উদ্বোধনী বক্তব্য রাখেন কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন, ডাঃ এম মাহফুজুর রহমান, কার্যনির্বাহী কমিটির সদস্য মিসেস রেখা আলম চৌধুরী, জনাব এস এম কুতুব উদ্দিন, জনাব মোঃ জাহিদুল হাসান, চমাশিহা মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ, হাসপাতালের পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক, নার্সিং প্রিন্সিপাল মিসেস ঝিনু রানী দাশ, সহকারী নার্সিং সুপারিনটেনডেন্ট মিসেস প্রভা চক্রবর্তী এবং এ কে খান হেলথ কেয়ার ট্রাস্টের পক্ষে বক্তব্য রাখেন মিসেস শবনম সুলতানা নিনা, শিক্ষক ও প্রকল্প প্রধান, এএসএল ফ্যাকাল্টি। অনুষ্ঠানে নার্সিং ব্রিজ প্রোগ্রাম সম্পর্কে বিস্তারিত অবহিত করা হয়। নার্সিং ব্রিজ প্রোগ্রাম একটি আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ প্রকল্প, যার মাধ্যমে পশ্চিমা বিশ্বের বিশেষ করে আমেরিকার মত উন্নত দেশের সাথে তাল মিলিয়ে বাংলাদেশের নার্সদের গুনগত মান উন্নত করা যায়। অত্র হাসপাতালে ইতিপূর্বে আরো ৩টি ব্যাচ এই প্রশিক্ষন কোর্সে অংশ নিয়েছে। এ সম্পর্কে কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ও নার্সিং সাব-কমিটির চেয়ারম্যান ডাঃ আঞ্জুমান আরা ইসলাম বলেন, হাসপাতালের নার্সদের রোগীদের প্রতি অধিকতর সেবা দান এবং নার্সদের উচ্চতর প্রশিক্ষণের সুযোগ লাভের জন্য এই কোর্সের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে প্রফেসর এ এস এম ফজলুল করিম অংশগ্রহনকারী নার্সদের অভিনন্দন জানান এবং একজন আরো ভাল নার্স হিসেবে রোগীদের সেবা দানের প্রতি গুরুত্বারোপ করেন। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন হাসপাতালের উপ-পরিচালক (নার্সিং) ডাঃ মোঃ লিয়াকত আলী ভূঁইয়া।

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের অটিজম ও শিশু বিকাশ কেন্দ্রে অটিষ্টিক শিশুদের অকুপেশনাল থেরাপি সেবা দান



*মিসেস অনিমা দাশ নুপুর কে ক্রেষ্ট প্রদান করছেন হাসপাতালের কার্যনির্বাহী কমিটির সদস্য ও মেডিকেল কলেজ গভর্ণিং বডির ভাইস চেয়ারম্যান জনাব মোঃ রেজাউল করিম আজাদ।*

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের অটিজম ও শিশু বিকাশ কেন্দ্রে গত ২৫/১০/২০১৬ ও ২৬/১০/২০১৬ ইং তারিখ ২ দিন ব্যাপি অটিষ্টিক শিশুদের জন্য এক বিশেষ অকুপেশনাল থেরাপি সেবার আয়োজন করা হয়। ঢাকার সিআরপি অকুপেশনাল থেরাপি বিভাগের সাবেক বিভাগীয় প্রধান ও ড্রিম এঞ্জেলস সেন্টার ফর অটিষ্টিক চিলড্রেন, ঢাকা এর নির্বাহী পরিচালক অনিমা দাশ নুপুর অটিষ্টিক রোগীদের অকুপেশনাল থেরাপি বিষয়ে চিকিৎসা সেবা প্রদান করেন। ২দিনে অত্র কেন্দ্রে মোট ৩৫জন অটিষ্টিক শিশুকে চিকিৎসা সেবা প্রদান করা হয়। এই উপলক্ষে হাসপাতালের অটিজম ও শিশু বিকাশ কেন্দ্রে প্রফেসর মাহমুদ আহমেদ চৌধুরী আরজুর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন হাসপাতালের কার্যনির্বাহী কমিটির সদস্য জনাব মোহাম্মদ রেজাউল করিম আজাদ ও পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক। সভায় আরো উপস্থিত ছিলেন উপ-পরিচালক (প্রশাসন) জনাব মোঃ মোশাররফ হোসাইন, ডাঃ ধনাঞ্জয় দাশ, ডাঃ জাহাঙ্গীর মুরাদ, সিনিয়র সাইকোলজিষ্ট মিসেস ফারহানা আহমেদ সহ শিশু বিকাশ কেন্দ্রের সকল থেরাপিষ্ট ও কর্মকর্তাবৃন্দ। সভাতে মিসেস অনিমা দাশ নুপুর কে ঢাকা থেকে এসে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের অটিজম ও শিশু বিকাশ কেন্দ্রে প্রতিবন্ধি শিশুদের চিকিৎসা সেবা প্রদানের জন্য আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানানো হয়। কার্যনির্বাহী কমিটির সদস্য জনাব মোহাম্মদ রেজাউল করিম আজাদ এ ধরনের বিশেষায়িত চিকিৎসা সেবার আয়োজনের জন্য অটিজম ও শিশু বিকাশ কেন্দ্রের ভারপ্রাপ্ত কনসালটেন্ট প্রফেসর মাহমুদ আহমেদ চৌধুরী আরজুকে ধন্যবাদ জানান। এখানে উল্লেখ্য যে, অকুপেশনাল থেরাপি অটিষ্টিক শিশুদের জন্য এক ধরনের বিশেষ চিকিৎসা ব্যবস্থা। চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের শিশু বিকাশ কেন্দ্রে সম্প্রতি অকুপেশনাল থেরাপি চালু করা হয় এবং ঢাকা সিআরপি থেকে উচ্চতর প্রশিক্ষন প্রাপ্ত একজন অকুপেশনাল থেরাপিষ্ট এখানে কাজ করছেন। বর্তমানে এখানে প্রতিদিন এ সেবা প্রদান করা হয়ে থাকে।

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পরিদর্শক টিম এর চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল পরিদর্শন

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের একটি পরিদর্শক টিম গত ২৮/১২/২০১৬ ইং তারিখ চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল পরিদর্শন করেন। পরিদর্শক টিম চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের অন্যতম প্রকল্প শামসুন নাহার খাঁন নার্সিং কলেজে বিএসসি ইন নার্সিং কোর্স চালু করার জন্য উপযোজন ও হাসপাতালের বিশেষায়িত অটিজম ও শিশু বিকাশ কেন্দ্রে পোষ্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ডেভেলপমেন্টাল থেরাপি কোর্স চালু করার লক্ষ্যে উপযোজনের জন্য উক্ত পরিদর্শন করেন। পরিদর্শক টিমে বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন অনুষদ এর ডিন প্রফেসর জাহাঙ্গীর আলম এর নেতৃত্বে অন্যান্যদের মধ্যে ছিলেন ঢাকা শিশু হাসপাতালের শিশু নিউরোলজী বিভাগের অধ্যাপক ডাঃ নায়লা জামান খান, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের অধ্যাপক ড. জয়নুল আবেদীন সিদ্দিকী, চট্টগ্রাম মেডিকেল কলেজের প্রিন্সিপাল ও ডীন মেডিসিন ফ্যাকাল্টি প্রফেসর ডাঃ সেলিম মোহাম্মদ জাহাঙ্গীর, বিএমএ চট্টগ্রাম শাখার প্রেসিডেন্ট ও চট্টগ্রাম মেডিকেল কলেজের ভাইস প্রিন্সিপাল প্রফেসর ডাঃ মুজিবুল হক খান, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের কলেজ পরিদর্শক প্রফেসর ড. মোহাম্মদ জসীম উদ্দিন ও ফৌজদারহাট নার্সিং কলেজের ইন্সট্রাক্টর রুবি দত্ত। পরিদর্শক টিম হাসপাতালের অটিজম ও শিশু বিকাশ কেন্দ্র ও শামসুন নাহার খাঁন নার্সিং কলেজের সার্বিক কার্যক্রম পরিদর্শন করেন। এর পূর্বে পরিদর্শক টিম হাসপাতালের কার্যনির্বাহী কমিটির নেতৃবৃন্দের সাথে এক সৌজন্য বৈঠকে মিলিত হন। এসময় হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম, ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন, জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান-আরা ইসলাম, কার্যনির্বাহী কমিটির সদস্য জনাব মোঃ রেজাউল করিম আজাদ, জনাব মোঃ জাহিদুল হাসান, ডাঃ মোঃ পারভেজ ইকবাল শরীফ, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ, ভাইস প্রিন্সিপাল অসীম কুমার বড়ুয়া, পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক, হাসপাতালের শিশু স্বাস্থ্য বিভাগের বিভাগীয় প্রধান ও অটিজম ও শিশু বিকাশ কেন্দ্রের পরিচালক প্রফেসর মাহমুদ আহমেদ চৌধুরী (আরজু), উপ-পরিচালক (প্রশাসন) জনাব মোঃ মোশাররফ হোসাইন, নার্সিং প্রিন্সিপাল মিসেস ঝিনু রানী দাশ প্রমূখ উপস্থিত ছিলেন। প্রফেসর মাহমুদ আহমেদ চৌধুরী (আরজু) শিশু বিকাশ কেন্দ্রের সার্বিক কার্যক্রম ও ডিপ্লোমা ইন ডেভেলপমেন্টাল থেরাপি কোর্স সংক্রান্ত বিষয়ে সভাতে মাল্টিমিডিয়ার মাধ্যমে তার বক্তব্য তুলে ধরেন। কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম পরিদর্শক টিমকে হাসপাতাল পরিদর্শনে আসার জন্য আন্তরিক ধন্যবাদ জানান।



*চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পরিদর্শক টিমের সাথে হাসপাতাল কার্যনির্বাহী কমিটির বৈঠক।*

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল ও রোটারী ক্লাবের উদ্যোগে আগ্রাবাদ বাস্তহারা প্রজেক্ট কলোনী স্কুলে হেলথ প্রোগ্রামের আয়োজন

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল ও রোটারী ক্লাব অব চিটাগং এবং রোটারী ক্লাব অব চিটাগং সাগরিকার যৌথ উদ্যোগে গত ১৩/১১/২০১৬ ইং তারিখ আগ্রাবাদ বাস্তহারা প্রজেক্ট কলোনী স্কুলে এক স্কুল হেলথ প্রোগ্রামের আয়োজন করা হয়। এই উপলক্ষে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ এর সভাপতিত্বে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত সভায় বক্তব্য রাখেন হাসপাতালের পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নুরুল হক, রোটারী ক্লাব অব চিটাগং এর সাবেক প্রেসিডেন্ট ও হাসপাতালের শিশু স্বাস্থ্য বিভাগের অধ্যাপক ডাঃ মাহমুদ আহমেদ চৌধুরী আরজু, রোটারী ক্লাব অব চিটাগং সাগরিকার প্রেসিডেন্ট ডাঃ বিপ্লব ভট্টাচার্য, রোটারী ক্লাব অব চিটাগং ডাউন টাউন এর সাবেক প্রেসিডেন্ট প্রফেসর ডাঃ ওয়াজির আহমেদ, হাসপাতালের কমিউনিটি মেডিসিন বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ডাঃ জালাল উদ্দিন, হাসপাতালের উপ-পরিচালক(প্রশাসন) ও রোটারী ক্লাব অব চিটাগং সাগরিকার ভাইস প্রেসিডেন্ট রোটারিয়ান মোহাম্মদ মোশাররফ হোসাইন, রোটারী ক্লাব অব চিটাগং সাগরিকার সাবেক প্রেসিডেন্ট রোটারিয়ান আজিজুল হক, রোটারী ক্লাব অব এরিষ্টোক্রেট এর প্রেসিডেন্ট রোটারিয়ান ডাঃ কামাল হোসেন জুয়েল ও স্কুলের প্রধান শিক্ষক আবু তাহের প্রমুখ। সভাকে অবহিত করা হয় যে, উক্ত বিদ্যালয়টি রোটারী ক্লাব অব আগ্রাবাদের অর্থায়নে ও সহযোগিতায় প্রতিষ্ঠিত হয়েছে। বর্তমানে বিদ্যালয়ের ভবনের অবস্থা খুবই নাজুক। এটি মেরামত করা খুবই প্রয়োজন। এছাড়া এই বিদ্যালয় ও কলোনীর বাসিন্দাদের শিক্ষা, চিকিৎসা, সেনিটেশন, বিশুদ্ধ খাবার পানি সহ নানাবিধ অসুবিধা রয়েছে। চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের পক্ষ থেকে এবং রোটারী ক্লাব সমূহের পক্ষ থেকে এ ব্যাপারে প্রয়োজনীয় সহযোগিতার আশ্বাস প্রদান করা হয়। এ ব্যাপারে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করার বিষয়েও সভাতে আলোচনা করা হয়। স্কুল কমিটির পক্ষ থেকে হেলথ ক্যাম্প আয়োজনের জন্য চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল ও রোটারী ক্লাব নেতৃবৃন্দকে ধন্যবাদ জানানো হয়।




*আগ্রাবাদ বাস্তহারা প্রজেক্ট কলোনী স্কুলে আয়োজিত হেলথ ক্যাম্পে বক্তব্য রাখছেন চট্টগ্রাম রোটারী ক্লাব অব চিটাগং এর সাবেক প্রেসিডেন্ট ও হাসপাতালের শিশু স্বাস্থ্য বিভাগের অধ্যাপক ডাঃ মাহমুদ আহমেদ চৌধুরী আরজু।*

## এরিস্টোক্রেট রোটারী ক্লাবের পক্ষ থেকে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালে ফ্রিজ প্রদান

গত ১৯/১১/২০১৬ ইং তারিখ চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের শিশু কিডনী বিভাগের জন্য এরিস্টোক্রেট রোটারী ক্লাবের পক্ষ থেকে একটি ফ্রিজ অনুদান হিসেবে প্রদান করা হয়। হাসপাতালের কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলামের হাতে এটি হস্তান্তর করেন রোটারী ক্লাব অব এরিস্টোক্রেট এর প্রেসিডেন্ট ও হাসপাতালের শিশু কিডনী বিভাগের জুনিয়র কনসালটেন্ট রোটারিয়ান ডাঃ কামাল হোসেন জুয়েল। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন হাসপাতালের কার্যনির্বাহী কমিটির সম্মানিত সদস্য জনাব মোঃ জাহেদুল হাসান, শিশু স্বাস্থ্য বিভাগের অধ্যাপক ও বিভাগীয় প্রধান রোটারিয়ান ডাঃ মাহমুদ আহমেদ চৌধুরী আরজু, শিশু স্বাস্থ্য বিভাগের অধ্যাপক রোটারিয়ান ডাঃ মোঃ বদরুদ্দোজা, পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক, উপ-পরিচালক (প্রশাসন) রোটারিয়ান মোঃ মোশাররফ হোসাইন, উপ-পরিচালক (ফিন্যান্স) জনাব মোঃ মনজুরুল আলম চৌধুরী, সহকারী পরিচালক (প্রশাসন) ডাঃ এ কে এম আশরাফুল করিম, শিশু স্বাস্থ্য বিভাগের সহযোগী অধ্যাপক ডাঃ শাহেদ ইকবাল, শিশু স্বাস্থ্য বিভাগের রেজিষ্ট্রার রোটারিয়ান ডাঃ ফজল করিম বাবুল প্রমুখ। জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম এই মহতী উদ্যোগের জন্য এরিস্টোক্রেট রোটারী ক্লাবকে আন্তরিক ধন্যবাদ জানান। উল্লেখ্য, হাসপাতালের শিশু কিডনী বিভাগ ২০১২ সালে স্থাপিত হয় এবং চট্টগ্রামের প্রথম প্রতিষ্ঠিত শিশু কিডনী বিভাগ। এখানে আন্তঃবিভাগ ছাড়াও বহির্বিভাগ, পেরিটোনিয়াল ডায়ালাইসিস ও কিডনী বায়োপসি সেবা চালু আছে।



*চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম এর নিকট এরিস্টোক্রেট রোটারী ক্লাবের পক্ষ থেকে একটি ফ্রিজ প্রদান করছেন ক্লাব প্রেসিডেন্ট ডাঃ কামাল হোসেন জুয়েল।*

## আমাদের বিশেষায়িত সেবাসমূহ

১। অটিজম ও শিশু বিকাশ কেন্দ্র (শারীরিক ও মানসিক প্রতিবন্ধি শিশুদের চিকিৎসা সেবা)
২। বয়স্কদের আইসিইউ (নিবিড় পরিচর্যা)
৩। সিসিইউ সার্ভিস (হৃদরোগ পরিচর্যা)
৪। হেমোডায়ালাইসিস ইউনিট (কিডনী রোগীদের ডায়ালাইসিস সেবা)/পেরিটোনিয়াল ডায়ালাইসিস(শিশু)
৫। পেডিয়্যাট্রিকস ও নিওনেটাল আইসিইউ
৬। এ্যাজমা সেন্টার (হাঁপানী রোগীদের চিকিৎসা)
৭। ডায়াবেটিক ও হাইপারটেনশন ক্লিনিক
৮। এইচডিইউ সার্ভিস (বয়স্ক ও শিশু)
৯। ল্যাপারোস্কোপিক সার্জারী (শিশু ও বয়স্কদের)
১০। ইউরোলজি (শিশু ও বয়স্কদের)
১১। প্লাষ্টিক সার্জারী সহ শিশু সার্জারী বিভাগের সকল জটিল অপারেশন
১২। পেরিটনিয়াল ডায়ালাইসিস
১৩। সাব-স্পেশালিটি ক্লিনিক (থ্যালাসেমিয়া, এ্যাজমা)
১৪। অনকোলজী এন্ড রেডিওথেরাপী (ক্যান্সার চিকিৎসা)
১৫। নিউরোমেডিসিন
১৬। থেলাসেমিয়া রোগ সনাক্তকরণ ও সেবা প্রদান

## ২৪ ঘন্টা সেবাসমূহ

- ২৪ ঘন্টা বাড ট্রান্সফিউশন সার্ভিস
- ২৪ ঘন্টা ইমার্জেন্সি সার্ভিস।
- ২৪ ঘন্টা এ্যাম্বুলেন্স সার্ভিস (আইসিইউ এ্যাম্বুলেন্স সহ)।
- ২৪ ঘন্টা টেলিফোন সার্ভিস।
- ২৪ ঘন্টা ফার্মেসী সার্ভিস।
- থ্যালাসেমিয়া রোগীদের সার্বক্ষণিক রক্ত দেয়ার ব্যবস্থা।

### আধুনিক ডায়াগনষ্টিক সার্ভিস

১. সি.টি স্ক্যান , সি.টি এনজিওগ্রাম
২. কালার ডপলার
৩. ইকোকার্ডিওগ্রাফি
৪. আল্ট্রাসনোগ্রাফি
৫. আপার জিআই এন্ডোসকপি, কলনোস্কোপি, ইআরসিপি
৬. এক্সরে
৭. ই.সি.জি
৮. ইইজি
৯. ইটিটি
১০. ক্লিনিক্যাল প্যাথলজি
১১. বায়োকেমিষ্ট্রি
১২. মাইক্রোবায়োলজি
১৩. হিষ্টোপ্যাথলজি
১৪. সাইটোপ্যাথলজি
১৫. কলপোস্কোপি
১৬. হেয়ারিং অ্যাসেসমেন্ট

# Chattagram Maa-O-Shishu Hospital

## CHATTAGRAM MAA-SHISHU O GENERAL HOSPITAL

Agrabad, Chittagong.

Hospital Activities for the Month **October - December 2016**

| | Oct'16 | Nov'16 | Dec'16 |
|---|---|---|---|
| Out Patient Dept : | | | |
| Paediatrics | 4659 | 4759 | 5346 |
| Adult Patient (Medicine) | 2500 | 2075 | 2212 |
| Consultancy Service (Paediatric) | 796 | 598 | 761 |
| Consultancy Service (Adult) | 880 | 608 | 656 |
| Obs. & Gynae | 2520 | 2055 | 2104 |
| Surgical (Paediatric) | 923 | 838 | 774 |
| Surgical (General) | 964 | 838 | 594 |
| Mini O.T. | 1574 | 1455 | 1688 |
| E.N.T. | 1171 | 1100 | 1015 |
| Orthopaedics | 1576 | 1289 | 1301 |
| Skin Diseases | 717 | 643 | 748 |
| Eye | 876 | 629 | 770 |
| Dental Cases | 641 | 404 | 521 |
| ORT | 51 | 61 | 48 |
| Psychology | 137 | 135 | 132 |
| Neurology | 368 | 342 | 345 |
| Asthma Clinic | 25 | 20 | 34 |
| Family Planning | 75 | 210 | 83 |
| Psychiatry | 228 | 162 | 169 |
| Dots Corner | 341 | 510 | 401 |
| Spech Therapy | 307 | 281 | 283 |
| Physioynerapy | 629 | 538 | 621 |
| L.M.C. | 47 | 45 | 61 |
| Referrd Cases | 216 | 155 | 105 |
| E.P.I. | 1712 | 1660 | 1272 |
| Gastroenterology Uint | 89 | 20 | 64 |
| EEG | 95 | 127 | 101 |
| RNDA | 200 | 213 | 493 |
| GDA | 320 | 118 | 200 |
| Low Vision | 135 | 138 | 144 |
| MTW | 07 | 01 | 03 |
| Sitting Fitting | 52 | 22 | 42 |
| ETT | 08 | 03 | 06 |
| Sub Specialty Clinic | | | |
| Cardiology (Child) | 01 | | |
| Paediatric Nephrology | 18 | 19 | 18 |
| Adult Nepgrology | 36 | 32 | 25 |
| Nuro Medicine | 123 | 102 | 77 |
| Oncology | 89 | 73 | 46 |
| Chemotherapy | 75 | 61 | 38 |
| Physical Medicine | 185 | 148 | 136 |
| **In Patint Departmnt:** | | | |
| Paediatric (Admission) | 4122 | 3794 | 4061 |
| Maternity (Admission) | 656 | 670 | 643 |
| Neonatal (Admission) | 149 | 221 | 226 |
| Adult Medicine (Admission) | 674 | 603 | 679 |
| Adult CCU (Admission) | 35 | 40 | 36 |
| Paediatric Surgery (Admission) | 183 | 160 | 153 |
| Paediatric Surgery (Operation) | 144 | 144 | 153 |
| Operation Obs. & Gynae | 318 | 309 | 283 |
| General Surgery (Admission) | 204 | 165 | 172 |
| General Surgery (Operation) | 100 | 81 | 89 |
| Orthopadic Surgery (Admission) | 47 | 43 | 37 |
| Orthopadic Surgery (Operation) | 19 | 24 | 28 |
| E.N.T. (Admission) | 11 | 06 | 13 |
| E.N.T. (Operation) | 04 | 02 | 07 |
| Eye (Admission) | 03 | 02 | 07 |
| Eye (Operation) | 47 | 30 | 47 |
| Thalassamia (Admission) | 412 | 934 | 344 |
| Cabin | 8261 | 7568 | 7751 |
| Pathology | 2936 | 2796 | 2886 |
| Radiology | 1134 | 1036 | 985 |
| Ultrasanography | 88 | 88 | 85 |
| E.C.G. | 470 | 410 | 510 |
| Kindney Dialysis | 338 | 291 | 298 |
| Echocardiongram | 214 | 220 | 235 |
| Paediatric CCU (Admission) | 19 | 44 | 27 |
| Adult ICU (Admission) | 31 | 26 | 34 |
| Adult HDU (Admission) | 10 | 10 | 16 |
| Paediatric HDU (Admission) | 35 | 43 | 35 |
| Urology (Admission) | 46 | 30 | 28 |
| Urology (Operation) | 12 | 11 | 05 |
| Emergency | 2565 | 2167 | 2318 |
| Total Death | 74 | 104 | 63 |

### *DONORS OF -October,November & December -2016.*

| | October | November | December |
|---|---|---|---|
| **Materials:-** | | | |
| Laiju Ara Islam (Refrigerator) | - | 13,000 | - |
| Chattagram City Corporation(Padel Bin Box) | - | 120,000 | - |
| Rotary Club Of Chittagong Aristocret(Refrigerator) | - | 12,500 | - |
| Dr.Liaquat Ali Bhuyian(OTConsumable) | - | 683 | - |
| Engr.Abdul Monaf(OTConsumable) | - | 1,674 | - |
| Mr.Md.Mohammad Mamun Salam(Hemodialysis Machine) | - | - | 940,000 |
| Late.Laila Begum(OTConsumable) | - | - | 656 |
| **Total:** | - | 147,857 | 940,656 |
| **Medicine :-** | | | |
| Dr.Md.Sarwar Azam Zahid | 5,250 | - | - |
| Dr.Fahim Hassan Reza. | - | 734 | - |
| Prof,Dr. Mahmood A. Chy.( Arzu). | - | 450 | - |
| Dr.Liaquat Ali Bhuyian. | - | 365 | - |
| Engr.Abdul Monaf. | - | 6,553 | - |
| Md.Tayubur Islam | - | 30 | - |
| Alhajj Nur Muhammad. J.G.S(EC) | - | 2,208 | - |
| Dr.Tahera Begum | - | 5,722 | - |
| Laila Begum | - | - | 587 |
| Dr.Anjuman Ara Islam. G.S (EC) | - | - | 1,370 |
| Popular Infusions Ltd. | - | - | 1,840 |
| Md.Abdul Khadar | - | - | 949 |
| **Total:** | 5,250 | 16,062 | 4,746 |
| **Cash:** | | | |
| Finlay Properties Ltd. | - | 40,000 | - |
| Standered Chartered Bank Limited | - | - | 353,862 |
| CMOSH Medical College Teachers forum | - | - | 100,000 |
| | - | 40,000 | 453,862 |
| **Donation of The Month:** | 5,250 | 203,919 | 1,399,264 |
| **Engr.L.K.Siddique Memorial.P. P. B. Fund.** | | | |
| Chattagram Maa,Shishu-O-General Hospital. | 304,333 | 345,581 | 323,888 |
| Received From M.R Card. | 32,500 | 28,500 | 15,500 |
| All Employee of CMOSH (For Khichury Fund). | 51,640 | 26,020 | 26,010 |
| Dr.Sumayya Ahmed | 6,000 | - | - |
| Dr.Md.Shahajahan | 2,160 | - | - |
| Anaya Yasser Karim | - | 3,000 | - |
| Md Nasir uddin & Miss Shaima Ahmed | - | 9,500 | - |
| **Total:** | 396,633 | 412,601 | 365,398 |
| **Zakat:** | 34,000 | 245,000 | - |

*Chattagram Maa-O-Shishu Hospital Bulletin* ● October-December 2016

**BOOK POST / PRINTED MATTERS**

To,

Postage

If undelivered please return to:
**Chattagram Maa-O-Shishu Hospital**
Agrabad, Chittagong, Bangladesh.
Phone : 880-31-718521 / 718525/711236/2520063, Fax : 880-31-2525409
E-mail : cmoshctg@gmail.com **Web side : www.cmoshbd.org**

# চট্টগ্রামের নবাগত মাননীয় জেলা প্রশাসক জনাব মোঃ শামসুল আরেফিন এর চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল পরিদর্শন

চট্টগ্রামের নবাগত মাননীয় জেলা প্রশাসক জনাব মোঃ শামসুল আরেফিন গত ০৮/১০/২০১৬ ইং তারিখ শনিবার চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল পরিদর্শন করেন। তিনি নির্মাণাধীন ৮৫০ শয্যা বিশিষ্ট নতুন হাসপাতাল ভবন, হাসপাতালের অটিজম ও শিশু বিকাশ কেন্দ্র, নিওনেটাল বিভাগ সহ হাসপাতালের গুরুত্বপূর্ণ বিভাগ সমূহ পরিদর্শন করেন। এছাড়া তিনি হাসপাতালের অটিজম ও শিশু বিকাশ কেন্দ্রের ডেভেলপমেন্টাল থেরাপি কোর্সের সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে অংশগ্রহন করেন। এ উপলক্ষে ইনষ্টিটিউট অব চাইল্ড হেলথ এর সেমিনার হলে কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম এর সভাপতিতে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি মাননীয় জেলা প্রশাসক জনাব মোঃ শামসুল আরেফিন বলেন, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল বেসরকারী উদ্যোগে প্রতিষ্ঠিত একটি ব্যতিক্রমধর্মী প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানের সামগ্রীক কার্যক্রম আমার খুবই ভাল লেগেছে। এখানে প্রচুর সংখ্যক রোগীর সমাগম দেখা গেছে। মনে হয় রোগীরা এখান থেকে তাদের কাঙ্ক্ষিত চিকিৎসা সেবা পাচ্ছেন। বিশেষ শিশুদের জন্য এখানে অটিজম ও শিশু বিকাশ কেন্দ্রে একই ছাতার নিচে সকল সুবিধা রয়েছে, যা আমাকে খুবই অভিভুত করেছে। আপনাদের সকলের আন্তরিকতা ও সামগ্রীক প্রচেষ্টায় ৮৫০ শয্যা বিশিষ্ট বিশাল এই নতুন হাসপাতাল ভবনের নির্মাণ কাজ এগিয়ে চলেছে। আমার বিশ্বাস এই হাসপাতাল তার কাঙ্ক্ষিত লক্ষ্যে এগিয়ে যাবে এবং বাংলাদেশের একটি মডেল হাসপাতাল হিসেবে স্বীকৃতি লাভ করবে। তিনি আরো বলেন, জাতির উন্নয়নের জন্য শিক্ষার পাশাপাশি স্বাস্থ্য খাতে উন্নয়ন প্রয়োজন। শিক্ষিত এবং স্বাস্থ্যবান জনগোষ্ঠী ছাড়া দেশের উন্নয়ন সম্ভব নয়। সরকারের রুপকল্প ২০২১ এবং ২০৩০ সালের মধ্যে বাংলাদেশকে একটি উন্নত আয়ের দেশে পরিণত করতে হলে শিক্ষার পাশাপাশি স্বাস্থ্য খাতে আরো উন্নয়ন করতে হবে, এই লক্ষ্যে সরকার কাজ করে যাচ্ছে। চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালও সরকারের পাশাপাশি বেসরকারী খাতে এজন্য গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। তিনি মা ও শিশু হাসপাতালের কার্যনির্বাহী কমিটি, হাসপাতালের কর্মকর্তাবৃন্দ এবং এই হাসপাতালের জন্য বিভিন্ন সময়ে যারা অবদান রেখেছেন তাদের সকলের প্রতি কৃতজ্ঞতা জানান। তিনি বলেন, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের সাথে জেলা প্রশাসক হিসেবে তিনি সব সময় থাকবেন এবং জেলা প্রশাসকের পক্ষ থেকে হাসপাতালের উন্নয়নে সর্বাত্বক সহযোগীতা করবেন। অনুষ্ঠানে প্রধান অতিথি শিশু বিকাশ কেন্দ্রের উদ্যোগে আয়োজিত ডেভেলপমেন্টাল থেরাপী কোর্সে অংশগ্রহণকারীদের সার্টিফিকেট বিতরণ করেন। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন হাসপাতালের কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম , ভাইস প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খান, জনাব এস এম মোরশেদ হোসেন, ডাঃ এম মাহফুজুর রহমান, কার্যনির্বাহী কমিটির সদস্য জনাব মোঃ রেজাউল করিম আজাদ, অধ্যক্ষ লায়ন ড. মোহাম্মদ সানাউল্লাহ, মিসেস রেখা আলম চৌধুরী, হাসপাতালের শিশু স্বাস্থ্য বিভাগের অধ্যাপক ও বিভাগীয় প্রধান প্রফেসর মাহমুদ আহমেদ চৌধুরী আরজু প্রমূখ। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন কার্যনির্বাহী কমিটির সদস্য জনাব মোঃ হারুন ইউসুফ, জনাব মোঃ জাহিদুল হাসান, জনাব এস এম কুতুব উদ্দিন, চমাশিহা মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ, হাসপাতালের পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক প্রমুখ। সভাপতির বক্তব্যে কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম মাননীয় জেলা প্রশাসককে হাসপাতাল পরিদর্শনে আসার জন্য আন্তরিক ধন্যবাদ জানান। তিনি হাসপাতালের উন্নয়নে জেলা প্রশাসক মহোদয়ের সর্বাত্বক সহযোগীতা কামনা করেন।



*হাসপাতালের অটিজম ও শিশু বিকাশ কেন্দ্রের ডেভেলপমেন্টাল থেরাপি কোর্সের সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন মাননীয় জেলা প্রশাসক জনাব মোঃ শামসুল আরেফিন।*

**EDITORIAL BOARD :**

• Chairman Editorial Board : **Dr. Anjuman Ara Islam** • Chief Editor : **S. M. Morshed Hossain**
• Executive Editor : **Nur Mohammed** • Editor : **Md. Rezaul Karim Azad**
• Printed by : **Pack & Robi Printers.** Mobile : 01718 371001